গাবতলী পৌরসভা কার্যালয়

গাবতলী, বগুড়া।

স্মারক নং- ৪৬.৫০.১০৪০.১০০.০০১.২০২২/৫৮/১ তারিখ ঃ ০৩/১১/২০২২ইং

নোটিশ-২২

এতদ্বারা গাবতলী পৌরসভার সম্মানিত কাউন্সিলরগনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী -১০/১১/২০২২ইং রোজ- বৃহস্পতিবার বেলা- ১২.০০ ঘটিকায় গাবতলী পৌরসভা কার্যালয়ে মাসিক সাধারন সভা আহবান করা হয়েছে । উক্ত সভায় যথা সময়ে উপস্থিত হওয়ার জন্য আপনাকে বিশেষ ভাবে অনুরোধ করা হ’ল।

স্থান ঃ- পৌরসভার হল রুম।

আলোচ্য বিষয় ঃ-

১। পূর্ব সভার রেজুলেশন পঠন ও অনুমোদন ।

২। বাংলা ১৪৩০ সালের জন্য নারুয়ামালা ও বাইগুনী হাট বাজার অটো রিক্সা ষ্ট্যান্ড এবং গাবতলী, নারুয়ামালা, বাইগুনী ও দাড়াইল বাজার পশু জবেহ খানা ইজারা বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

৩।সিএনজি ও অটো রিক্সা ষ্ট্যান্ড(সকল যান) এর টোলচার্ট নির্ধারন করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

৪। কর আদায় বিষয়ে সভায় আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন ।

৫। জন্ম ও মৃত্যু নিবন্ধনের টার্গেট ও বাস্তবায়নের হার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

৬। জরুরী ভিত্তিতে রাস্তা সংস্কার করন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

৭। পৌরসভা মানবিক সহায়তা বাস্তবায়ন কমিটি গঠন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

৮। পৌরসভার রাজস্ব আয় বৃদ্ধি বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

৯। ২০২২-২০২৩ অর্থ বছরের ডেঙ্গু, মশক নিধন ও পরিস্কার-পরিচ্ছন্নতা উপ খাতে ১ম ও ২য় কিস্তি বরাদ্দ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

১০। ২০২২-২০২৩ অর্থ বছরের কোভিড-১৯ উপ খাতে ১ম ও ২য় কিস্তি বরাদ্দ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

১১। বিবিধ ।

স্বাক্ষরিত
(মোঃ সাইফুল ইসলাম)
মেয়র
গাবতলী পৌরসভা, বগুড়া ।
মোবাইল নং০১৯১৫-৬৩৫৮২৬

বিতরণ ঃ-

১। সংশ্লিষ্ট ------- ওয়ার্ড/সংরক্ষিত কাউন্সিলর
গাবতলী পৌরসভা, বগুড়া ।

২। অফিস কপি।

গাবতলী পৌরসভা কার্যালয়
গাবতলী, বগুড়া ।

সভা নং-২২

সভাপতি ঃ জনাব মোঃ সাইফুল ইসলাম
মেয়র
গাবতলী পৌরসভা, বগুড়া।

তারিখ ও সময় ঃ ১০/১১/২০২২খ্রিঃ রোজঃ বৃহঃবার, সময়ঃ সকাল-১২.০০ ঘটিকা।

স্থান ঃ গাবতলী পৌরসভা কার্যালয়, গাবতলী, বগুড়া।

সভায় উপস্থিতি ঃ পরিশিষ্ট খ।

আলোচ্য সূচি ঃ পূর্ব সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

সভাপতি সাহেব উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন ।

ক্রমিক নং	প্রস্তাব	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে	কাজ বাস্তবায়নের সময়/ অগ্রগতি
০১	গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানির জন্য সভায় প্রস্তাব করা হয় ।	সভাপতির অনুমতিক্রমে গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান।	গত সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী বা সংযোজনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়।	মেয়র, গাবতলী পৌরসভা	
০২	বাংলা ১৪৩০ সালের জন্য নারুয়ামালা ও বাইগুনী হাট বাজার অটো রিক্সা ষ্ট্যান্ড এবং গাবতলী, নারুয়ামালা, বাইগুনী ও দাড়াইল বাজার পশু জবেহ খানা ইজারা সম্পন্ন করার বিষয়ে সভায় প্রস্তাব করা হয় ।	বাংলা ১৪৩০ সালের জন্য নারুয়ামালা ও বাইগুনী হাট বাজার অটো রিক্সা ষ্ট্যান্ড এবং গাবতলী, নারুয়ামালা, বাইগুনী ও দাড়াইল বাজার পশু জবেহ খানা ইজারা প্রদানের নিমিত্বে ক্যালেন্ডার প্রস্তুত করা প্রয়োজন । এই মর্মে ২নং ওয়ার্ড কাউন্সিলর জনাব হযরত আলী হিরন প্রস্তাব দেন যে, বর্তমান বাজার মুল্যের সাথে সামনজস্য রেখে কাঙ্খিত ইজারা মুল্য দেওয়া হোক আলোচনায় সকল কাউন্সিলর সক্রিয় অংশ গ্রহন করেন। ২০/০২/২০১৮ তারিখের ৪৬.০৪১.০৩০.০১.০০১.২০১৮/৯৩ নং নির্দেশনা মোতাবেক ৬% বৃদ্ধি করে ইজারা মুল্য নির্ধারন করতে হবে ।	এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় । আলোচনায় সকল কাউন্সিলরের মতামত অনুসারে হাট বাজার ইজারা নীতিমালা অনুসারে বর্তমান বাজার মুল্যের সাথে সমতা রেখে ৬% বৃদ্ধিতে নারুয়ামালা হাট ৩১,৪১,২৯৯/- বাইগুনী হাট ৬,৮৮,৭৬১/- সিএনজি ষ্ট্যান্ড ২৫,২৮,৯৩১/- এবং পশু জবেহ খানা ১,০০,০৮২/- কাঙ্খিত ইজারা মুল্য নির্ধারন করার সিদ্ধান্ত সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়।	মেয়র, গাবতলী পৌরসভা	
০৩	সিএনজি ও অটো রিক্সা ষ্ট্যান্ড(সকল যান) এর টোলচার্ট নির্ধারন করার জন্য প্রস্তাব করা হয়	সভাপতি সাহেব উপস্থিত পৌরসভার কাউন্সিলরগন কে জানান যে, বাংলা ১৪৩০ সালের জন্য সিএনজি ও অটো রিক্সার ষ্ট্যান্ড (সকল যান) এর টোল আদায় ইজারাদার ইচ্ছামত যাতে করতে না পারে সে জন্য পৌরসভা কর্তৃক টোলচার্ট নির্ধারন করার বিষয়ে আলোচনা করা প্রয়োজন। আলোচনায় সকল কাউন্সিলর সক্রিয় অংশ গ্রহন করেন। এখানে উল্লেখ্য যে পুর্ববর্তী বছরের টোলচার্ট নিম্নোরুপ। **টোলচার্ট নিম্নোরুপ** ১। ট্রাক (বড়) = ১০০ টাকা। ২। হলার = ৫০ টাকা । ৩। মিনিবাস = ৫০ টাকা । ৪। পিকআপ = ৫০টাকা ৫। ট্রাক (ছোট) = ৫০ টাকা ৬। ইঞ্জিন চালিত ভটভটি = ২০ টাকা । ৭। সিএনজি = ১০ টাকা । ৮। অটো/ব্যাটারী চালিত = ১০ টাকা	এই বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পৌরসভার নির্ধারিত ষ্ট্যান্ডগুলো যথাযথ ভাবে ইজারা প্রদান ও ইজারা টোল আদায়ের তালিকা (বাংলা ১৪৩০) সালের জন্য পূনঃ নির্ধারন করা হলো **টোলচার্ট নিম্নোরুপ** ১। ট্রাক (বড়) = ১০০ টাকা। ২। হলার = ৫০ টাকা । ৩। মিনিবাস = ৫০ টাকা । ৪। পিকআপ = ৫০টাকা ৫। ট্রাক (ছোট) = ৫০ টাকা ৬। ইঞ্জিন চালিত ভটভটি = ২০ টাকা । ৭। সিএনজি = ১০ টাকা । ৮। অটো/ব্যাটারী চালিত = ১০ টাকা শুধু মাত্র যাত্রি উঠানামা এবং মালামাল লোড আনলোডে ব্যবহারিত যান গুলো থেকে এই টোল আদায়ের সিদ্ধান্ত সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়।	মেয়র, গাবতলী পৌরসভা	

<table>
<tr>
<td>০৪</td>
<td>পৌরসভার হোল্ডিং ট্যাক্স আদায় বিষয়ে সভায় প্রস্তাব করা হয়।</td>
<td>সভায় জানানো হয় যে, গাবতলী পৌরসভার হোল্ডিং কর আদায় ৫৫% (শতকরা পঞ্চান্ন ভাগ) হয়েছে। উপপরিচালক স্থানীয় সরকার বগুড়া মহোদয়ের পরিদর্শনে সন্তোষজনক নয় মর্মে প্রতিবেদন প্রদান করেছেন। সরকারী নির্দেশনা মোতাবেক প্রত্যেক পৌরসভাকে ৭৫% (শতকরা পঁচাত্তর ভাগ) এর নিচে পৌর কর আদায় হলে পৌরসভার বিভিন্ন প্রকল্প চুক্তি হওয়া এবং অন্যান্য সরকারি বরাদ্দ পাওয়ার ক্ষেত্রে সমস্যা তৈরী হবে। পৌরসভার রাজস্ব আদায়ে সকল কাউন্সিলরের অংশ গ্রহন প্রয়োজন।</td>
<td>এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে পৌর কর যথাযথ ভাবে আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয় এবং আদায়ের হার ৭৫% (শতকরা পঁচাত্তর ভাগ) পৌর কর আদায় করার বিষয়ে সকলে একমত হন।</td>
<td>মেয়র, গাবতলী পৌরসভা</td>
<td></td>
</tr>
<tr>
<td>০৫</td>
<td>জন্ম ও মৃত্যু নিবন্ধনের টার্গেট ও বাস্তবায়নের হার বিষয়ে সভায় প্রস্তাব করা হয়।</td>
<td>সভায় আলোচনা হয় যে, গাবতলী পৌরসভার সাপ্তাহিক জন্ম নিবন্ধন টার্গেট ০৯ (নয়) জন। এই টার্গেট পূরণের জন্য পৌর পরিষদের সকল কাউন্সিলর এবং দায়িত্ব প্রাপ্তগণকে একযোগে কাজ করতে হবে। সাপ্তাহিক এবং মাসিক রিপোর্টি নিয়মিত জেলা প্রশাসক, বগুড়া মহোদয়ের কার্যালয়ে বিনা ব্যার্থতায় প্রেরণ করতে হবে। আলোচনায় সকল কাউন্সিলরের অংশ গ্রহন করেন।</td>
<td>এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে টার্গেট পুরনে সক্রিয় থাকার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।</td>
<td>মেয়র, গাবতলী পৌরসভা</td>
<td></td>
</tr>
<tr>
<td>০৫</td>
<td>জরুরী ভিত্তিতে রাস্তা সংস্কার করার জন্য সভায় প্রস্তাব করা হয়।</td>
<td>সভাপতি সাহেব জানান যে, পৌর এলাকায় যে সকল রাস্তা নষ্ট হয়েছে অথবা চলাচলের অনুপযোগী হয়েছে সে সকল রাস্তাগুলি জরুরী ভিত্তেতে মাটি ভরাট করে জনসাধারনের চলাচলের উপযোগী করা অতীব জরুরী । উপসহকারী প্রকৌশলী (সিভিল) জনাব কাজী মোঃ রবিউল ইসলাম কে সরোজমিনে পরিদর্শন করে রাস্তাগুলির তালিকা প্রস্তুত করার জন্য বলা হয় ।
আলোচনায় সকল কাউন্সিলর সক্রিয় অংশ গ্রহণ করেন।</td>
<td>এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে জরুরী ভিত্তিতে মেরামত করার জন্য উপসহকারী প্রকৌশলী (সিভিল) কে সরজমিনে পরিদর্শন করে এষ্টিমেট তৈরী এবং প্রাক্কলিত ব্যয়ের প্রয়োজনীয় অর্থ বরাদ্দ দেয়ার জন্য মেয়র গাবতলী পৌরসভা কে অনুরোধ করে সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ।</td>
<td>মেয়র, গাবতলী পৌরসভা</td>
<td></td>
</tr>
<tr>
<td>৬</td>
<td>পৌরসভা মানবিক সহায়তা বাস্তবায়ন কমিটি গঠন বিষয়ে সভায় প্রস্তাব করা হয়।</td>
<td>পৌরসভা মানবিক সহায়তা কর্মসূচী (ভিজিএফ/ত্রাণ/জিআর) বাস্তবায়ন কমিটির নির্দেশিকা ২০১২-১৩ অনুসারে কমিটি নিম্নোক্ত ভাবে গঠন করা প্রয়োজন ।
আলোচনায় সকল কাউন্সিলর সক্রিয় অংশ গ্রহন করেন।
<u>পৌরসভা মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন কমিটিঃ</u>
<table>
<tr><td>এলাকার মাননীয় সংসদ সদস্য</td><td>উপদেষ্টা</td></tr>
<tr><td>পৌরসভার মেয়র</td><td>সভাপতি</td></tr>
<tr><td>পৌরসভার কমিশনারবৃন্দ</td><td>সদস্য</td></tr>
<tr><td>পৌরসভার মেডিকেল অফিসার/স্যানিটারী ইন্সপেক্টর</td><td>সদস্য</td></tr>
<tr><td>পৌরসভার নির্বাহী/সহকারী প্রকৌশলী</td><td>সদস্য</td></tr>
<tr><td>কৃষি কর্মকর্তা (কৃষি সম্প্রসারণ বিভাগের উপ-পরিচালক কর্তৃক মনোনীত)</td><td>সদস্য</td></tr>
<tr><td>নির্বাহী প্রকৌশলী (জনস্বাস্থ্য) এর</td><td>সদস্য</td></tr>
</table></td>
<td>বিস্তারিত আলোচনান্তে সকল কাউন্সিলর অংশ গ্রহন করেন এবং নিম্নরুপ ভাবে মানবিক সহায়তা বাস্তবায়ন কমিটি গঠন করা হইল ।
<u>কমিটি নিম্নরুপ</u>
১। জনাব রেজাউল করিম (বাবলু)
মাননীয় সংসদ সদস্য ৪২-৭ বগুড়া — উপদেষ্টা
২। জনাব মোঃ সাইফুল ইসলাম — সভাপতি
মেয়র, গাবতলী পৌরসভা, বগুড়া ।
৩। শিমু আকতার
সংরক্ষিত মহিলা কাউঃ ১,২,৩ — সদস্য
৪। মোছাঃ আঞ্জুয়ারা বেগম
সংরক্ষিত মহিলা কাউঃ ৪,৫,৬ — সদস্য
৫। মোছাঃ লাবলী আকতার (তুলি)
সংরক্ষিত মহিলা কাউঃ ৭,৮৯ — সদস্য
৬। মোঃ শাহ জাহান আলী কাউন্সিলর-০১ — সদস্য
৭। হযরত আলি (হিরন) কাউন্সিলর-০২ — সদস্য
৮। মোঃ মোস্তাফিজুর রহমান কাউন্সিলর-০৩ — সদস্য</td>
<td>মেয়র, গাবতলী পৌরসভা</td>
<td></td>
</tr>
</table>

<table>
<tr>
<td></td>
<td></td>
<td></td>
<td>
<table>
<tr><td>প্রতিনিধি</td><td></td></tr>
<tr><td>জেলা/উপজেলা/পৌরসভা প্রেস ক্লাবের সভাপতি</td><td>সদস্য</td></tr>
<tr><td>এন.জি.ও এর প্রতিনিধি (উপজেলা সদরের পৌরসভার ক্ষেত্রে ইউএনও কর্তৃক এবং জেলা সদরের পৌরসভার ক্ষেত্রে জেলা প্রশাসক কর্তৃক মনোনীত স্থানীয়/জাতীয়/ আন্তর্জাতিক এন.জি.ও এর প্রতিনিধি)</td><td>সদস্য</td></tr>
<tr><td>জেলা সিভিল সার্জনের প্রতিনিধি</td><td>সদস্য</td></tr>
<tr><td>বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটির প্রতিনিধি (যদি থাকে)</td><td>সদস্য</td></tr>
<tr><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা</td><td>সদস্য</td></tr>
<tr><td>মুক্তিযোদ্ধা প্রতিনিধি (জেলা মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল কর্তৃক মনোনীত)</td><td>সদস্য</td></tr>
<tr><td>এলাকার স্বনামধন্য সাংস্কৃতিক ব্যক্তি (উপজেলা সদরের পৌরসভার ক্ষেত্রে ইউএনও কর্তৃক এবং জেলা সদরের পৌরসভার ক্ষেত্রে জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)</td><td>সদস্য</td></tr>
<tr><td>ঘুর্ণিঝর প্রস্তুতি কর্মসূচির (সিপিপি) প্রতিনিধি (যদি থাকে)</td><td>সদস্য</td></tr>
<tr><td>উপজেলা সদরের পৌরসভার ক্ষেত্রে ইউএনও কর্তৃক এবং জেলা সদরের পৌরসভার ক্ষেত্রে জেলা প্রশাসক কর্তৃক মনোনীত কলেজ/মাদ্রাসার অধ্যক্ষ বা স্কুলের প্রধান শিক্ষক</td><td>সদস্য</td></tr>
<tr><td>জেলা সমাজসেবা কর্মকর্তার প্রতিনিধি</td><td>সদস্য</td></tr>
<tr><td>চেম্বার অফ কমার্স বা ব্যবসায়ী সমিতির সভাপতি</td><td>সদস্য</td></tr>
<tr><td>জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি</td><td>সদস্য</td></tr>
<tr><td>নির্বাহী প্রকৌশলী (বিদ্যুত উন্নয়ন বিভাগ)/জেনারেল ম্যানেজার (পল্লী বিদ্যুতায়ন বোর্ড) এর প্রতিনিধি</td><td>সদস্য</td></tr>
<tr><td>থানার ভারপ্রাপ্ত পুলিশ কর্মকর্তা</td><td>সদস্য</td></tr>
<tr><td>উপজেলা আনসার ও ভি.ডি.পি কর্মকর্তা</td><td>সদস্য</td></tr>
<tr><td>পৌরসভার মুখ্য নির্বাহী কর্মকর্তা/সচিব</td><td>সদস্য সচিব</td></tr>
</table>
</td>
<td>
৯। মোঃ সিরাজুল ইসলাম কাউন্সিলর-০৪ সদস্য
১০। মোঃ হারুন আর রশিদ কাউন্সিলর-০৫ সদস্য
১১। সাদিদ হাসান সিদ্দিক কাউন্সিলর-০৬ সদস্য
১২। মোঃ গোলাম রব্বানী (রতন) কাউন্সিলর-০৭ সদস্য
১৩। মোঃ ওবাইদুর রহমান কাউন্সিলর-০৮ সদস্য
১৪। মোঃ মিলন প্রাং কাউন্সিলর-০৯ সদস্য
১৫। মোঃ আমিনুল ইসলাম সদস্য
স্যানেটারী ইন্সেপেক্টর, গাবতলী পৌরসভা ।
১৬। মোঃ শফি মাহমুদ সদস্য
সহকারী প্রকৌশলী(সিভিল) (অঃ দায়ীত্ব)
গাবতলী পৌরসভা ।
১৭। উপজেলা কৃষি কর্মকর্তা, গাবতলী, বগুড়া । সদস্য
(প্রতিনিধি)
১৮। সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) গাবতলী, বগুড়া । সদস্য
১৯। সভাপতি, প্রেস ক্লাব, গাবতলী, বগুড়া । সদস্য
২০। এনজিও এর প্রতিনিধি (ঊষা) গাবতলী, বগুড়া । সদস্য
২১। জেলা সিভিল সার্জনের প্রতিনিধি সদস্য
২২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, গাবতলী বগুড়া ।
সদস্য
২৩। মুক্তিযোদ্ধা কমান্ডার, গাবতলী, বগুড়া । সদস্য
২৪। মোঃ----
এলকার স্বনামধন্য সাংস্কৃতিক ব্যক্তি,
গাবতলী, বগুড়া । সদস্য
২৫। অধ্যক্ষ, গাবতলী মহিলা কলেজ, বগুড়া। সদস্য
২৬। উপজেলা সমাজসেবা কর্মকর্তা গাবতলী, বগুড়া । সদস্য
২৭। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,
গাবতলী, বগুড়া । সদস্য
২৮। ডিজিএম/প্রতিনিধি, গাবতলী পল্লী বিদ্যুৎ সমিতি, গাবতলী,বগুড়া।
সদস্য
২৯। অফিসার্স ইনজার্জ, গাবতলী মডেল থানা,
গাবতলী,বগুড়া। সদস্য
৩০। উপজেলা আনসার ও ভি,ডি,পি কর্মকর্তা ।
গাবতলী, বগুড়া। সদস্য
৩১। মোঃ শাহীন মাহমুদ
পৌর নির্বাহী কর্মকর্তা,
গাবতলী পৌরসভা, বগুড়া । সদস্য সচিব
</td>
<td></td>
<td></td>
</tr>
</table>

০৭	পৌরসভার রাজস্ব আয় বৃদ্ধি বিষয়ে সভায় প্রস্তাব করা হয়।	মেয়র গাবতলী পৌরসভা জানান যে, সরকারী নির্দেশনা মোতাবেক পৌর কর আদায় করতে হবে পৌরসভার সামগ্রীক কার্যক্রম পরিচালনা করে রাজস্ব আদায় বৃদ্ধি করতে হবে । পৌর কর, ট্রেড লাইসেন্স নতুন নির্ধারন এবং আদায় সন্তোষজন করার জন্য যাবতীয় কার্যক্রম গ্রহন করতে হবে । আলোচনায় সকল কাউন্সিলর সক্রিয় অংশ গ্রহণ করেন।	বিস্তারিত আলোচনা শেষে বিধি মোতাবেক রাজস্ব আদায় বৃদ্ধির সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	মেয়র, গাবতলী পৌরসভা	
০৮	২০২২-২০২৩ অর্থ বছরের ডেঙ্গু, মশক নিধন ও পরিস্কার-পরিচ্ছন্নতা উপ খাতে ১ম ও ২য় কিস্তি বরাদ্দ বিষয়ে সভায় প্রস্তাব করা হয়।	মেয়র, গাবতলী পৌরসভা উপস্থিত সকলকে জানান যে ২০২২-২০২৩ অর্থ বছরের উন্নয়ন বাজেট পৌরসভাসমুহের জন্য ডেঙ্গু মশক নিধন, পরিস্কার-পরিচ্ছন্নতা ও প্রচার উপ খাতে ১ম ও ২য় কিস্তি বাবদ ১,০০,০০০/-(এক লক্ষ) বরাদ্দ পাওয়া গিয়াছে । উক্ত অর্থ দ্বারা বরাদ্দ পত্রে উল্লেখিত খরচাদি মেটানো যাবে। এ বিষয়ে উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় সকল কাউন্সিলর একমত হন। যেহেতু বিষয়টি জরুরী বিধায় পিপিআর-২০০৮ অনুসরণ এবং গাবতলী পৌরসভা এলাকার ডেঙ্গু মশক নিধন, পরিস্কার-পরিচ্ছন্নতা ও প্রচার মতামতের ভিত্তিতে খরচ মিটানোর প্রয়োজন।	বিস্তারিত আলোচনা শেষে বরাদ্দ পত্রের নির্দেশনা মোতাবেক পিপিআর অনুসারে পরিস্কার পরিচ্ছন্নতা করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	মেয়র, গাবতলী পৌরসভা	
০৯	২০২২-২০২৩ অর্থ বছরের কোভিড-১৯ উপ খাতে ১ম ও ২য় কিস্তি বরাদ্দ বিষয়ে সভায় প্রস্তাব করা হয়।	মেয়র, গাবতলী পৌরসভা উপস্থিত সকলকে জানান যে ২০২২-২০২৩ অর্থ বছরের উন্নয়ন বাজেট পৌরসভাসমুহের জন্য কোভিড-১৯ উপ খাতে ১ম ও ২য় কিস্তি বাবদ ১,০০,০০০/-(এক লক্ষ) বরাদ্দ পাওয়া গিয়াছে । উক্ত অর্থ দ্বারা বরাদ্দ পত্রে উল্লেখিত খরচাদি মেটানো যাবে। এ বিষয়ে উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় সকল কাউন্সিলর একমত হন। যেহেতু বিষয়টি জরুরী বিধায় পিপিআর-২০০৮ অনুসরণ এবং গাবতলী পৌরসভা এলাকার কোভিড-১৯ প্রচার মতামতের ভিত্তিতে খরচ মিটানোর প্রয়োজন।	বিস্তারিত আলোচনা শেষে বরাদ্দ পত্রের নির্দেশনা মোতাবেক পিপিআর অনুসারে পরিস্কার পরিচ্ছন্নতা করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	মেয়র, গাবতলী পৌরসভা	

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষনা করেন ।

স্বাক্ষরিত
(মোঃ সাইফুল ইসলাম)
মেয়র
গাবতলী পৌরসভা, বগুড়া।
মোবাইল নম্বর ০১৯১৫৬৩৫৮২৬

স্মারক নং- ৪৬.৫০.১০৪০.১০০.০০১.২০২২/১৩৭/১ তারিখ ঃ ২০/১১/২০২২

অনুলিপি সদয় অবগতির জন্যঃ
১। সচিব, স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পলী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৩। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া।
৪। অফিস কপি।

(মোঃ সাইফুল ইসলাম)
মেয়র
গাবতলী পৌরসভা, বগুড়া।
মোবাইল নম্বর ০১৯১৫৬৩৫৮২৬